পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলকাতা – ৭০০০০৭
ফোন নং: (০৩৩) ২২৪১-২০৬০

বার্তা সম্পাদক

_____।

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

১৮-০৭-২০২৩

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে গত ১৪-০৭-২০২৩ তারিখে নিবন্ধকের স্বাক্ষর সম্বলিত একটি নির্দেশিকা প্রকাশ করা হয়েছে যাতে শিক্ষক, শিক্ষাকর্মী এবং সংশ্লিষ্ট সকল কর্মচারীদের বিশ্ববিদ্যালয় বিষয়ে গণমাধ্যমে ও সোশ্যাল মিডিয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অগ্রিম অনুমতি ব্যতিরেকে কোনো মতামত প্রকাশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। নির্দেশিকায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ফার্স্ট স্ট্যাট্যুটের সপ্তম অধ্যায়ের (জেনেরাল) আর্টিকল 34 উদ্ধৃত করে বলা হয়েছে এই নির্দেশিকা এই বিষয়ে পরবর্তী অর্ডার প্রকাশ না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে এবং এই নির্দেশিকা লঙ্ঘনে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই স্বৈরতান্ত্রিক সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ করছে। সমিতি মনে করে এই সিদ্ধান্ত অগণতান্ত্রিক এবং ভারতীয় সংবিধানে নাগরিকের বাকস্বাধীনতা এবং মতপ্রকাশের অধিকারের উপর হস্তক্ষেপ। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অবিলম্বে এই নির্দেশনামা প্রত্যাহারের দাবী জানাচ্ছে।

ধন্যবাদ সহ,

(শুভোদয় দাশগুপ্ত)
সভাপতি
মোবাইল নং ৯৮৩১২০১৮৫২

(কেশব ভট্টাচার্য)
সাধারণ সম্পাদক
মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪